ই-মেল - sntmunicipality@gmail.com

ফোন নং : ০৩৪৬২-২৬৫২৫২

ওয়েবসাইট - www.sainthiamunicipality.com

# সাঁইথিয়া পৌরসভা

পো - সাঁইথিয়া : জেলা - বীরভূম

স্মারক নং :- ২৯৭/এস. এম/২০২৪ তাং ২৪/০৬/২০২৪

মাননীয় পৌরপ্রধানের নিকট হইতে,

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সাঁইথিয়া পৌরসভার পক্ষ হতে জানানো যাচ্ছে যে, সাঁইথিয়া শহরের রাস্তা ব্যবহারকারী টোটো,অটো,চায়নাভ্যান ইত্যাদি যানবাহন হতে তোলা আদায়ের জন্য প্রকাশ্য ডাক মারফৎ ইচ্ছুক এজেন্সী/ব্যক্তিকে আগামী ০১/০৮/২০২৪ তারিখ হতে পরবর্ত্তী ১ বৎসরের জন্য লীজ বন্দোবস্ত দেওয়া হবে। এই উপলক্ষে আগামী ইং-০৩/০৭/২০২৪ তারিখ বুধবার বেলা ১:০০ টার সময় পৌরসভা প্রাঙ্গনে একটি প্রকাশ্য ডাকের আয়োজন করা হয়েছে। উক্ত ডাকে অংশগ্রহনে ইচ্ছুক এজেন্সী/ব্যক্তিগণকে অবিলম্বে ডাক বিষয়ে বিস্তারিত জানতে এবং নির্দ্ধারিত শর্তাবলী সম্বলিত তথ্য সংগ্রহ করতে পৌরসভায় জেনারেল সেকশানে যোগাযোগ করতে অনুরোধ জনানো হচ্ছে।

Chairman
Sainthia Municipality
Sainthia, Birbhum

স্মারক নং :- ২৯৭/ ১(৯)/এস.এম/২০২৪ তাং ২৪/০৬/২০২৪

উপরোক্ত বিজ্ঞপ্তির অনুলিপি অবগতি এবং বহুল প্রচারার্থে অফিস নোটিশ বোর্ডে টাঙানোর অনুরোধ সহ প্রেরিত হল:-

১) বি.এল.আর.ও., সাঁইথিয়া, ২) এস.ডি.ও., ইরিগেশান, ৩) ষ্টেশান ম্যানেজার, WBSEDCL ৪) এস.ডি.ও., টেলিফোন, ৫) পোস্ট মাস্টার, সাঁইথিয়া সাব পোস্ট অফিস, ৬) ষ্টেশন ম্যানেজার, সাঁইথিয়া রেলওয়ে ষ্টেশন, ৭) ভারপ্রাপ্ত আধিকারিক, সাঁইথিয়া থানা, ৮) অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, পি.ডব্লিউ.ডি., ৯) এস.আই.অফ স্কুলস,সাঁইথিয়া,বীরভূম।

Chairman
Sainthia Municipality
Sainthia, Birbh...

স্মারক নং :- ২৯৭/ ১(৯)/ ১(৮)/এস.এম/২০২৪ তাং ২৪/০৬/২০২৪

উপরোক্ত বিজ্ঞপ্তির অনুলিপি অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হল:-

১) জনাব কাজী কামাল হোসেন, ভাইস-চেয়ারম্যান,সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
২) শ্রী তপন কুমার দাস, এক্সিকিউটিভ অফিসার, সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৩) শ্রী অংশুমান মন্ডল, ফিন্যান্স অফিসার,সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৪) শ্রী সুমন চ্যাটার্জী, স্টাফ-ইন-চার্জ, ট্যাক্স কালেকশান সেকশান, সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি পৌরসভার ওয়েব-সাইটে দেবার নির্দেশ সহ।
৫) শ্রী অভিষেক ভট্টাচার্য্য, দায়িত্বপ্রাপ্ত অ্যাকাউন্ট্যান্ট,সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৬) শ্রী বিজয় বড়ুয়া, দায়িত্বপ্রাপ্ত ক্যাশিয়ার, সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৭) সেখ জাকির হোসেন, এ.এফ.সি. সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি।
৮) শ্রী রানা সিংহ, ক্লার্ক, জেনারেল এস্টাবলিশমেন্ট সেকশান, সাঁইথিয়া মিউনিসিপ্যালিটি -অফিস নোটিশ বোর্ডে টাঙানোর নির্দেশ সহ

Chairman
Sainthia Municipality
Sainthia, B...

চায়নাভ্যান,টোটো ও অটোগাড়ীর Toll Tax আদায়ের জন্য ০৩.০৭.২০২৪ তারিখ ডাকের শর্তাবলী, সময় বেলা - ১ টা

১) ডাক গ্রহণ করা হবে ১লা আগস্ট ২০২৪ হইতে ৩১শে জুলাই ২০২৫ পর্যন্ত ১ (এক) বৎসরের জন্য।

২) অফিসের নূন্যতম ডাক ১৩১৯০০০=০০ (তেরো লক্ষ উনিশ হাজার)।

৩) প্রত্যেক ডাক ২০০০=০০ (দুই হাজার) টাকার নীচে হবে না ও ৫০০০=০০ (পাঁচ হাজার) টাকার উর্দ্ধে হবে না।

৪)ডাকদাতাকে অবশ্যই সাঁইথিয়া পৌরসভা বা সাঁইথিয়া ব্লকের বাসিন্দা হতে হবে।

৫) কমপক্ষে ৩ (তিন) জনকে ডাকে অংশগ্রহণ করতে হবে।

৬) ডাকের সমগ্র টাকা ড্রাফট অথবা নগদে জমা করতে হবে।

৭) পৌরসভার নির্দ্দিষ্ট হারের বেশী টাকা আদায় নেওয়া যাবে না।

৮) একটি চায়না ভ্যান এর নিকট প্রতিদিন ১০(দশ) টাকা,টোটো ভ্যান এর নিকট ৫.০০(পাঁচ) টাকা ও অটো ভ্যানের নিকট ৫.০০(পাঁচ) টাকা।

৯) সর্বোচ্চ ডাকদাতা ডাকের সমগ্র টাকা এককালীন জমা দিতে বা অন্য কোন কারণে ডাক গ্রহণ না করলে তাহা দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতাকে দেওয়া হবে।

১০) কতৃপক্ষ ইচ্ছা করলে কোন কারণ না দর্শিয়ে ডাক বাতিল করতে পারে।

১১) প্রত্যেক অংশগ্রহণকারীকে ডাকের পূর্বে অর্থাৎ ০১/০৭/২০২৪ তারিখ বেলা ৩ টার মধ্যে ১০০০০.০০ (দশ হাজার) টাকা ক্যাশ কাউন্টারে জমা দিয়ে নাম নথিভূক্তকরণ করতে হবে।

পরবর্ত্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

১২) সর্বোচ্চ ডাক কারীকে তাঁর ডাকের অফেরৎযোগ্য টাকা ক্যাশ বা ব্যাঙ্ক ড্রাফটের মাধ্যমে ১০/০৭/২০২৪ তারিখ বেলা ৩.০০ টার মধ্যে একমস্তে পৌরসভার ক্যাশ কাউন্টারে অবশ্যই জমা করতে হবে । উক্ত সময়ের মধ্যে তিনি টাকা জমা দিয়ে দিলে ০১/০৮/২০২৪ তারিখ সকাল ৮.০০ টা হতে ৩১/০৭/২০২৫ তারিখ সকাল ৮.০০ টা পর্যন্ত ১ বৎসরের জন্য তাঁর অনুকূলে ইজারা বন্দোবস্ত দেওয়া হবে কিন্তু টাকা জমা দিতে অপারগ হলে নথীভূক্তিকরণ জন্য তাঁর জমাকৃত ১০,০০০.০০ (দশ হাজার টাকা) টাকা বাজেয়াপ্ত করা হবে এবং দ্বিতীয় সর্বোচ্চ ডাকদাতাকে তাঁর ডাকের সমগ্র টাকা ১৫/০৭/২০২৪ তারিখের মধ্যে জমা দিতে হবে । উক্ত সময়ের মধ্যে তিনি টাকা জমা দিলে তাঁর অনুকূলে ইজারা বন্দোবস্ত দেওয়া হবে কিন্তু টাকা জমা দিতে অপারগ হলে তাঁর জমাকৃত টাকা বাজেয়াপ্ত করা হবে এবং তৃতীয় ডাককারীকে ২২/০৭/২০২৪ তারিখের মধ্যে তাঁর ডাকের টাকা জমা দিতে বলা হবে । উক্ত সময়ের মধ্যে তৃতীয় সর্বোচ্চ ডাকদাতা তাঁর ডাকের টাকা জমা দিলে তাঁর অনুকূলে ইজারা বন্দোবস্ত দেওয়া হবে এবং তিনিও যদি সেই সময়ের মধ্যে টাকা জমা দিতে অপারগ হন সেক্ষেত্রে তাঁর টাকাও বাজেয়াপ্ত কার হবে এবং নতূনভাবে ডাকের ব্যবস্থা করা হবে ।

১৩) ডাকদাতার এই ধরনের "টোল" ট্যাক্স আদায়ের সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে এবং ডাকের আবেদনপত্রের সঙ্গে সার্টিফিকেটের কপি (**Original**) ডাকের পূর্বে অর্থাৎ ০১.০৭.২০২৪ তারিখ অফিসে জমা করতে হবে।

১৪) অফিসের নূন্যতম ডাকের ২০% অনুরুপ সংশ্লিষ্ট কাজের শংসাপত্র (**Credential**) থাকতে হবে।

১৫) আবেদনপত্রের সঙ্গে (যাহা ০১.০৭.২০২৪ এর মধ্যে অফিসে জমা করতে হবে) নিম্নলিখিত কাগজগুলি সংযোজন করতে হবে।

(ক) দুই বৎসরের অভিজ্ঞতার সার্টিফিকেট (**Original**)

(খ) অফিসের নূন্যতম সংশ্লিষ্ট ডাকের ২০% শংসাপত্র (**Credential**)।

(গ) ১০০০০.০০ (দশ হাজার) টাকা জমা দেওয়ার রশিদ।

(ঘ) আধার কার্ডের ও ভোটার কার্ডের জেরক্স।

Chairman
Sainthia Municipality
Sainthia, Birbhum